

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ,খুলনা।

ন্যাশনাল একাডেমি ফর অটিজম এন্ড নিউরো –ডেভেলপমেন্টাল
ডিজএ্যাবিলিটি-NAAND প্রকল্প এর ০৫(পাঁচ) দিন ব্যাপী প্রশিক্ষণের

প্রতিবেদন

ন্যাশনাল একাডেমি ফর অটিজম এন্ড নিউরো –ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটিজ বিষয়ে সচেতনতার উদ্দেশ্যে ০৫(পাঁচ)দিনব্যাপী (১১/১২/২০২১ হতে ১৫/১২/২০২১ তারিখ পর্যন্ত অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম সরকারি টিচার্স ট্রেনিং কলেজ,খুলনায় অনুষ্ঠিত হয়।

স্মারক নং:মাউশি/অটি.একা.স্বা.প্র./অভ্যন্তরীণ প্রশিক্ষণ/২৫/২০১৫/২২৩ তারিখ:০৮/১২/২০২১খ্রি.

উক্ত প্রশিক্ষণ কোর্সে খুলনা জেলার রুপসা ও তেরখাদা উপজেলা হতে ৪০ জন (৩০ জন মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও ১০জন অটিজম ও এনডিডি শিশুর অভিভাবক)অংশগ্রহণ করেন।রুপসা ও তেরখাদা উপজেলার মাধ্যমিক শিক্ষা অফিসারগণ যথাসময়ে শিক্ষকদের নামের তালিকা প্রেরণ ও অবহিত করায় নিদিষ্ট দিন ও তারিখে তারা প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত হন। উক্ত ০৫(পাঁচ) দিন প্রশিক্ষণ কোর্সের সমন্বয়কের দায়িত্ব পালন করেন জনাব এম,মিজানুর রহমান,সহকারী অধ্যাপক ও সহযোগী হিসেবে ছিলেন জনাব আবু রায়হান ,সহকারী অধ্যাপক সরকারি টিচার্স ট্রেনিং কলেজ,খুলনা।

১১/১২/২০২১ তারিখে উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সরকারি টিচার্স ট্রেনিং কলেজ,খুলনার সুযোগ্য অধ্যক্ষ প্রফেসর ড.শেখ মো:রেজাউল করিম।অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সরকারি শেখ আবু নাসের বিশেষায়িত হাসপাতালের সহকারী অধ্যাপক জনাব ডা.এ বি এম জাফর সাদিক।



তিনি তার বক্তব্য স্লাইডের মাধ্যমে উপস্থাপন করেন। যার মাধ্যমে প্রশিক্ষার্থীদের মধ্যে অটিজম ও এনডিডি সম্পর্কে প্রাথমিক ধারণা অর্জিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানের পর অংশগ্রহণকারীদের রেজিস্ট্রেশন ফরম পূরণ ও প্রি-টেস্ট অনুষ্ঠিত হয়। পাঁচ দিনব্যাপী প্রশিক্ষণ কোর্সে অত্র কলেজ হতে ১৩(তেরো)জন ও সরকারী সুন্দরবন কলেজের প্রভাষক জনাব সৈয়দ তারিক আনাম সহ মোট ১৪(চৌদ্দ)জন মাস্টার ট্রেনার অধিবেশন পরিচালনা করেন। ০২(দুই)জন মাস্টার ট্রেনার যথাক্রমে জনাব মোহাম্মদ সেলিম চৌধুরী (কাউন্সেলিং মনোবিজ্ঞানী) ও জনাব আবু ইউসুফ মাহমুদ (শিক্ষা মনোবিজ্ঞানী) প্রকল্প হতে এসে অধিবেশন পরিচালনা করেন। তারা অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের উত্তর তাদের অভিজ্ঞতার আলোকে প্রদান করে প্রশিক্ষণটাকে আরও প্রাণবন্ত ও উজ্জীবিত করেন। প্রশিক্ষণ প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকা হতে শুরু হয়ে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত রুটিন অনুযায়ী পরিচালিত হয়েছে।



১৩/১২/২০২১ তারিখে বিশেষ বিদ্যালয় (ব্রাক পরিচালিত অটিস্টিক বিদ্যালয়) পরিদর্শনে গিয়ে উক্ত প্রতিষ্ঠানের বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের বাস্তব অবস্থা অবলোকন করে প্রশিক্ষণার্থীদের মন আপ্লুত হয়ে পড়ে। প্রশিক্ষণার্থী অভিভাবকগণ এর মাধ্যমে তাদের জ্ঞানকে আরও শানিত করেন।



১৫/১২/২০২১ তারিখে সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শেখ মো:হারুনর রশীদ, আঞ্চলিক পরিচালক, খুলনা। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা। সভাপতির আসন অলংকৃত করেন সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনার সুযোগ্য অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মো:রেজাউল করিম।



অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মধ্য হতে অনুভূতি ব্যক্ত করে বক্তব্য রাখেন জনাব মো: জুলকর নাঈন, সহকারী শিক্ষক, সরকারি ইখড়ি কাটেংগা ফজলুল হক মডেল মাধ্যমিক বিদ্যালয়, তেরখাদা, খুলনা ও জনাব ভারতী রাণী দাস, সহকারী শিক্ষক, কাজদিয়া সরকারি উচ্চ বিদ্যালয়, রুপসা, খুলনা। তারা জীবনের সেরা মানবিকতাপূর্ণ এই প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পেরে খুবই সন্তুষ্ট। তারা তাদের বক্তব্যে প্রশিক্ষণ ব্যবস্থাপনা, আবাসন ব্যবস্থা, খাবার ব্যবস্থাপনা ও পরিবেশনায় খুবই সন্তোষ প্রকাশ করেন। সমাপনী বক্তব্যের পর প্রশিক্ষণার্থীদের পোস্ট-টেস্ট অনুষ্ঠিত হয়। তারা তাদের মেধার বহিঃপ্রকাশ ঘটান। আনুষাঙ্গিক অন্যান্য কাজ শেষে ০৫ দিনব্যাপী অভ্যন্তরীণ প্রশিক্ষণের মূল্যায়ন ফরম অংশগ্রহণকারীদের পূরণ করতে দেয়া হয়। অধিকাংশ প্রশিক্ষণার্থী অতি উত্তম মন্তব্য করেন। সকলে একে অপরের কল্যাণ কামনা করে এবং প্রশিক্ষণ অনুযায়ী সকল বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের প্রতি আরও মানবিক হওয়ার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। এভাবে ন্যাশনাল একাডেমি ফর অর্টিজম এন্ড নিউরো-ডেভেলপমেন্টাল ডিজিএবিএলিটিজ বিষয়ে সচেতনতার উদ্দেশ্যে ০৫(পাঁচ)দিনব্যাপী (১১/১২/২০২১ হতে ১৫/১২/২০২১ তারিখ পর্যন্ত) অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম বিকাল ৫.০০ ঘটিকায় সফল সমাপ্তি ঘটে।

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ,খুলনা।

ন্যাশনাল একাডেমি ফর অটিজম এন্ড নিউরো –ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটি-NAAND
প্রকল্প এর ০৫(পাঁচ)দিনব্যাপী (১১/১২/২০২১ হতে ১৫/১২/২০২১ তারিখ পর্যন্ত) প্রশিক্ষণ

কমিটির নাম ও পদবি

১।জনাব এম,মিজানুর রহমান ,সহকারী অধ্যাপক ও সমন্বয়ক

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ,খুলনা।

২। জনাব আবু রায়হান ,সহকারী অধ্যাপক,সদস্য

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ,খুলনা।